

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪০. যার নিকট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে একটি হাদীস পৌঁছল কিন্তু সে এর সম্মান ও মর্যাদা দিল না, সে ব্যক্তির উপর দ্রুত শাস্তি (আপতিত) হওয়া প্রসঙ্গে

بَابُ تَعْجِيلِ عُقُوبَةِ مَنْ بَلَغَهُ عَنِ النَّبِيّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثٌ فَلَمْ يُعَظِّمهُ وَلَمْ يُوقِّرْهُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ، حَدَّثَنِي اللَّيْثُ، حَدَّثَنِي ابْنُ عَجْلَانَ، عَنِ الْعَجْلَانِ، عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بَيْنَمَا رَجُلُ يَتَبَخْتَرُ هُرَيْرَةَ رَضِي اللَّهُ عَنْهُ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بَيْنَمَا رَجُلُ يَتَبَخْتَرُ فِي اللَّهُ بِهِ الْأَرْضَ، فَهُو يَتَجَلْجَلُ فِيهَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ» فَقَالَ لَهُ فَتًى قَدْ سَمَّاهُ وَهُوَ فِي حُلَّةٍ لَهُ: يَا أَبَا هُرَيْرَةَ، أَهْكَذَا كَانَ يَمْشِي ذَلِكَ الْفَتَى الَّذِي خُسِفَ بِهِ؟ ثُمَّ صَمَّاهُ وَهُو فِي حُلَّةٍ لَهُ: يَا أَبَا هُرَيْرَةَ، أَهْكَذَا كَانَ يَمْشِي ذَلِكَ الْفَتَى الَّذِي خُسِفَ بِهِ؟ ثُمَّ صَمَّاهُ وَهُو فِي حُلَّةٍ لَهُ: يَا أَبَا هُرَيْرَةَ، أَهْكَذَا كَانَ يَمْشِي ذَلِكَ الْفَتَى الَّذِي خُسِفَ بِهِ؟ ثُمَّ صَمَّاهُ وَهُو فِي حُلَّةٍ لَهُ: يَا أَبَا هُرَيْرَةَ، أَهْكَذَا كَانَ يَمْشِي ذَلِكَ الْفَتَى الَّذِي خُسِفَ بِهِ؟ ثُمَّ صَمَّاهُ وَهُو فِي حُلَّةٍ لَهُ: يَا أَبَا هُرَيْرَةَ، أَهْكَذَا كَانَ يَمْشِي ذَلِكَ الْفَتَى الَّذِي خُسُفَ بِهِ؟ ثُمَّ صَمْرَبَ بِيَدِهِ، فَعَثَرَ عَثْرَةً كَادَ يَتَكَسَّرُ مِنْهَا، فَقَالَ أَبُو هُرَيْرَةَ: لِلْمَنْخَرَيْنِ، وَلِلْفَمِ، (إِنَّا كَانَ يَكُسَّرُ مَنْهَا، فَقَالَ أَبُو هُرَيْرَةَ: لِلْمَنْخَرَيْنِ، وَلِلْفَمِ، (إِنَّا كَانَ يَكْسَلُ لَامُسْتَهْزِئِينَ) [الحجر: 95]

إسناده ضعيف غير أن الحديث متفق عليه

বাংলা

৪৫১. আবু হুরায়রা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: একদা এক ব্যক্তি দু'খানা চাদর পরে গর্ব ও অহংকারের সাথে পথ চলছিল। এমতাবস্থায় আল্লাহ তা'আলা তাকে জমিনে ধ্বসিয়ে দিলেন। ফলে কিয়ামত পর্যন্ত সে এভাবে মাটির নিচে ধ্বসে যেতে থাকবে।" তখন এক জোড়া পোশাক (চাদর) পরিহিত এক যুবক তাঁর নাম ধরে ডেকে বললো: হে আবু হুরাইরা! যাকে জমিনে ধ্বসিয়ে দেয়া হয়েছিলো, সে যুবক কি এভাবে পথ চলছিলো? - এ বলে সে হাত দিয়ে অঙ্গভঙ্গি করে দেখাতে লাগল। অমনি সে হোঁচট খেয়ে (উপুড় হয়ে) পড়ে গেলো এবং তার হাড়-গোড় ভেঙ্গে যাওয়ার উপক্রম হলো। তখন আবু হুরাইরা রা: 'নাক ও মুখ অধপতিত হোক'- এরূপ ইঙ্গিত করে এ আয়াত পাঠ করলেন: "উপহাসকারীদের বিরূদ্ধে আমিই আপনার জন্য যথেষ্ট।" (সুরা হিজর: ৯৫)।[1]

ফুটনোট



[1] তাহকীক: এর সনদ যয়ীফ। কিন্তু এ হাদীসটি মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিমে বর্ণিত) সহীহ হাদীস।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি, মুসনাদে মাওসিলী, নং ৬৩৩৪, ৬৪৮৪ নং এ। (সহীহ বুখারী, নং ৩৪৮৫; ৫৭৯০; সহীহ মুসলিম নং ২০৮৮, ৩/১৬৫৩-১৬৫৪); তিরমিয়ী নং ২৪৯১ ৪/৬৫৫; নাসাঈ, যিনাত অধ্যায় বাব ১০১; আহমদ ২/৬৬, ২২২, ২৬৭...)

তবে এর কয়েকটি শাহিদ হাদীস রয়েছে আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে যা মুসনাদে মাওসিলী ৩৪০২ নং, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে আহমদ ২/৬৬; বুখারী ৫৭৯০ নং; নাসাঈ ৮/২০৬ এবং আবু সাঈদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে মুসনাদে মাওসিলী নং ১৩১০ এ বর্ণিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন